

শারদীয় দুর্গোৎসব ২০১৭

Vakta Mandir Sydney Trust

A Mandir For All



Email : trustees@vaktamandir.org.au | Web : vaktamandir.org.au



PARISH PATIENCE BITEL

IMMIGRATION LAWYERS



ABN 99 613 933 289



Our large legal team provides a full range of specialised immigration legal services no matter where you are in the world at competitive rates



Michael T Jones
Legal Practice Manager
Director

**Accredited Specialist in
Immigration Law**
MARN: 9255530

Email: mtjones@ppilaw.com.au

Lawyers and Registered Migration Agents:

M. Sutharshan (Shan) Director, MARN: 0961664
Thong Nguyen Director, MARN: 0322836
Ruwan Samarasinghe, Lawyer & MARN: 0427978
Alasdair Dougall, Lawyer & MARN: 1684660
Kazusa Higashioka, Lawyer & MARN: 1576947
Mohammed Hyder Ali Khan, MARN: 0741639

Our professionals provide expert assistance with:

- Business & Investment Visas SC188,888,132
- Onshore & Offshore applications
- Temporary & permanent residence
- Skilled, Employment & Business
- Students, Visitors, Holidaymakers
- Family, Partner, Parent Child and Carer
- Sportspersons & Distinguished Talent
- Refugees & Asylum seekers
- Visa cancellations, Detention & Deportation
- Health or character & Identity Issues (PIC4020)
- Temporary Protection Visa
- Safe Haven Enterprise Visa (SHEV)
- Administrative Appeals Tribunal (AAT)
- Appeals to Federal Circuit Court, Federal Court & High Court
- Citizenship, Resident Return Visa
- Skill Assessment, Skillsselect, EOI
- State sponsorships and nomination
- All other visas & immigration related matters



We also provide a full range of non-immigration legal assistance including commercial, criminal, litigation, wills, estate and conveyancing.

If anyone in Australia or overseas requires assistance please contact us directly as we do not use agents overseas

Parish Patience Bitel Immigration Lawyers Team

Level 3, 83 York Street, Sydney NSW 2000 | Tel (02) 9286 8700 | Facebook: @PPBILaw
www.ppilaw.com.au | ppmail@ppilaw.com.au



Safe Accountants

Your financial future



CHARTERED ACCOUNTANTS
AUSTRALIA • NEW ZEALAND



Ashoke Kundu

CA, CPA, CMA

Public Accountant & Registered Tax Agent
Financial Advisor/ Justice of peace

Safe Accountants

- Audit
- Business Advice
- TAX
- Book keeping
- SMSF Advice
- TAX Planning

SHOP-1,842 BOTANY ROAD, MASCOT, NSW 2020

T: 93 172 721 F: 8076 1504

Mobile : +610433761562

Web : www.safeaccountants.com.au

Email : info@safeaccountants.com.au





Durga Puja 2017 Edition

A message from Trustee of Vakta Mandir Sydney Trust

Namashkar!

Durga Puja is the most important festival of Bengalis. The familiar sound of Dhak, Dhunuchi nachh, the mild fragrance of Shiuli, gives a familiar tug at every Bengali heart. Vakta Mandir Sydney has been celebrating this auspicious occasion since 2012 with a vision to bring together the feelings, emotions and culture of Bengalis staying in Sydney. In a continued effort to bring back the happiness of cultural and traditional festival, Vakta Mandir has been conducting Durga Pujas since then and this year is no exception.

Vakta Mandir journey so far was made possible by the overwhelming support of many people. We hope to receive the same patronage in the future as well. We would like to thank all advertisers who have sponsored this year's publication. We are thankful to all volunteers, honourable Bengali community of Sydney, associates of vakta Mandir Sydney & All Bengali cultural committees.

At different stages of this process, we received valuable advices from many well-wishers. We tried to incorporate their suggestions as much as possible, and hereby convey our sincere thanks to all of them.

The trustees of Vakta Mandir Sydney Trust



Ashoke Kundu CA CPA



Bidhan Chakrabarty



Dr Subrata Biswas



Dr Jayanta Kar



Clr Suman Saha





Durga Puja as I Understand

Dr Kalyan Biswas



The celebration of Durga Puja has rooted itself so deep in the minds of our people that the question of narrating the theme to anybody will not be a new thing. However this celebration has a scientific message for the people to lead a smooth and happy life sans (without) communalism, separatism and non-cooperation. The theme as it has been taken from Durga Saptasati is furnished below.

Mahisasura, the king of demons attacked Heaven. He violently fought with Indra, the king of gods, and sacked him away from his throne. King Indra along with other gods ran to Brahma, the most aged and learned god of the universe. They all prayed him to tell the reason of their defeat, and to find out a clue for killing Mahisasura, the demon king. The other two Gods Vishnu and Shiva, who were in the sides of Brahma got angry very much and their anger gave birth to Durga. All the gods donated their weapons to Goddess Durga and prayed to kill the demon king.

Mahisasura violently fought with goddess Durga in guise of a bubbaloo initially. But being unable to withstand the severe attack from Goddess Durga, he was forced to come out of the buffalo body into his real self. Goddess Durga immediately killed him by penetrating Trisul into his chest.

This picture of Goddess durga, riding on the back of a lion and killing the demon by penetrating a Trisul most violently into the chest of Mahisasura's demon body after recasting himself from the bubbaloo guise is worshipped by us as Mahisamardini. The Goddess is seen accompanied by other gods like Ganapati, Kartikeya, Goddesses Laxmi and Saraswati.

The latent meaning of this mythological story and the reason of four other deities worshipped with Goddess Durga is actually not understood by the general mass. As a result, neither the worshippers nor the society or the nation is actually benefitted with this worshipping and the rituals associated with it. These rituals however stand for unity and strengthening the nation by curbing communalism, separatism and non-cooperation

from the minds of the common mass and to develop a positive attitude towards like. To inspire and enervate the mass the internal meaning of this story has been modified here.

In the fearful battle with Mahisasura, Indra, the king of the heaven was defeated and he was sacked away from his throne. The other gods were also tortured by him. Atlast they all ran to Brahma for help. They all prayed him to enlighten them about the cause of their defeat and to disclose the clue for killing the demon.

Brahma told the gods that their defeat was due to lack of unity among them. Neither the gods of different sects and their followers had participated in the battle nor the general mass were properly informed about the battle. On the contrary all the communal leaders of Giants' empire such as, Sumbha, Nishumbha, Raktavirja, Chanda, Munda and Dhumralochan alongwith their soldiers had helped Mahisasura. Unless

there is proper unity and cooperation in the Kingdom, no king can ever win a battle. In the last battle the forces of Vaishnav community (Vishnu Shakti) had not been utilised, who could have fought with Chakras. The Shaiva community (Shiva Sakti) specialised to fight with Shula, Trisul and Pasupata had not been utilised. Similarly, Shakta community specialised in fighting with khadga, ganapatya with Pasa and Ankusha, Saraswata with war music had not been participated in the battle. So if all of these gods could be united together, then undoubtedly they can win the battle.

The clue of killing the demons was disclosed by him like this. The forces of King Indra had mainly depended upon their electrically charged (Tadit-bahita) weapon 'Bajra' which had got no action on the bodies of demons as they had wrapped their bodies with the dresses made out of buffalo's skin. The dense black hairs of buffalo being a nonconductor of electricity, Bajra cannot harm the bodies of the giants guarded by the later. Had the different forces of Heaven fought unitedly with the weapons like Chakra, Sayak, Khadga, Ankush, Trisul they could have successfully destroyed the shield of buffalo skin of the demons. This could have undoubtedly compelled the demons to come out of their shield and fight in their real self. Then Bajra is the most powerful weapon that can act in the blink of eye.





Being enlightened with this winning instructions the gods jumped at their feet with loud slogans and were united together to form a combined force called 'Durga' which could easily destroy the numerous 'Durgas' (castles) of enemies in a moment.

Durgam Nihanti Ya Nitya Sa Durga Parikirtita" that is : - She is 'Durga' who destroys durga (castle) daily.

After unification the forces of Vishnu, Shiva, Shakti, Ganapati, Surya, Kuver, Vayu, Agni with their weapons Chakra, Sula, Trisul, Pasupat, Krupana, Pasa, Ankusha, Rashmi Jala, Agnisara and trained animals like lions, elephants, horses and snakes became ready to fight. Ganapati, the leader of ganas (general public) created alertness amongst people and provided them the knowledge of battle. Young Kartikeya became the Commander-in-Chief. Laxmi financed the battle and Saraswati inspired all the soldiers by playing string instrument Veena causing vibrations in their heart strings (nerves). The war broke out and both the sides fought vigorously. Use of all the powerful heavenly weapons tore and damaged the shield of demons. The demons had to cast off their damaged shield and fight. Hence without the non-conductor shield they

could be killed easily by applying Bajra and other weapons. Mahasasura armed with the united force of the demons was ultimately killed by Goddess Durga enriched with the power of unity and co-operation of gods and human beings.

After destruction of these powerful enemies, Indra got his throne back and the gods returned to their eternal abode and prayed goddess Durga to be always by their sides and save them from all sorts of danger to come. It is utmost necessary that the above described internal meaning of Durgapuja should be manifested before the current civilized mankind. This is the only function that is solemnised with much triumph and ovation in all over India leading to a maximum congregation. The above mentioned message of Durga Puja should be penned lyrically composed and aired continuously during this time.

Instead of playing modern film and album songs during the days of long celebration this immortal truth should be aired as songs, played as drama and performed through dance, so that, the general mass will be aware of the actual meaning of Durga Puja and the real intention of Puja will be realised. "NB: This article has been composed from multiple sources in internet. I is not entirely an authentic creation of me"

শারদীয়া যেতিনন্দন





দুর্গাপূজা ও তার তাৎপর্য

..... Partha Syam



শ্রীশ্রী দুর্গা দেবীর পূজা বছরে দুবার অনুষ্ঠান-কভাবে সাড়সূরে অনুষ্ঠিত হয়। একবার বসন্তকালে, আরেকবার শরৎকালে। বসন্তকালের দুর্গাপূজাকে সংক্ষেপে বাসন্তী পূজা বলা হয়। আর শরৎকালের দুর্গাপূজাকে বলা হয় শারদীয় দুর্গাপূজা। তবে শারদীয় দুর্গাপূজাই বাঙালি হিন্দুদের সবচেয়ে বড় অনুষ্ঠান এবং অধিক সংখ্যায় অনুষ্ঠিত হয়। দুর্গাপূজার শুরু হয় আশ্বিন মাসের শুক্লপক্ষে। কোথাও প্রতিপদ তিথি থেকে, কোথাও ষষ্ঠী তিথি থেকে দুর্গাপূজা শুরু হয়। প্রথমেই কল্লারন্ত। ‘কল্ল’ শব্দের অনেক অর্থ থাকলেও সাধারণভাবে ‘সংকল্ল’ বোঝায়। অর্থাৎ আমরা পূজার প্রস্তুতি গ্রহণ করেছি। এবার যথোপযুক্ত ভক্তিসহকারে দুর্গাপূজা অনুষ্ঠানের জন্য সংকল্লবদ্ধ হলাম। শারদীয় দুর্গাপূজার সঙ্গে জড়িয়ে আছে কৃত্তিবাসের রামায়ণে বর্ণিত রামচন্দ্র কর্তৃক দেবীদুর্গার পূজা প্রসঙ্গ। রামচন্দ্র শরৎকালে দুর্গাপূজা করে দেবী দুর্গার আশীর্বাদ নিয়ে রাবণকে ধ্বংস করে সীতা উদ্ধার করতে চাইলেন। কিন্তু পৌরাণিক তথ্য অনুসারে তখন দেব-দেবীদের নিদ্রার কাল। তাই প্রথম রামচন্দ্র দেবী দুর্গাকে জাগানোর জন্য প্রচেষ্টা গ্রহণ করলেন। দুর্গাদেবীর এ জাগরণকে বলে বোধন। শুক্লা ষষ্ঠী তিথিতে দেবীদুর্গাকে বিলবক্ষে আরাধনা করে মন্ত্র পাঠ করে পূজা দিয়ে বোধনের অনুষ্ঠান করা হয়।

এরপর ওই তিথিতেই দেবী দুর্গার অধিবাস। দুর্গাদেবীকে আহ্বান জানানো হয় : তুমি এসো হে দুর্গা দেবী, আমাদের পূজা গ্রহণ কর। শুক্লা সপ্তমী, অষ্টমী ও নবমী- এ তিনদিন সাড়সূরে দেবীদুর্গার পূজা করা হয়। দেবীর ভোগ দেয়া হয়, দেবীর আরতি করা হয়। উল্লেখ্য, দেবী দুর্গার এই যে পূজার অনুষ্ঠান ও কৃত্যসমূহ, এ কেবল দেবী দুর্গার একার পূজা নয়। দেবীদুর্গার পূজা উপলক্ষে আরও অনেক দেব-দেবীর পূজা করা হয়। তাই দুর্গাপূজাকে আমরা সম্মিলিত দেবশক্তির পূজাও বলতে পারি।

অষ্টমীর দিন করা হয় কুমারী পূজা। সব নারীর মধ্যেই আছে দেবী দুর্গার শক্তি। তাই নারী পূজনীয়- এ দৃষ্টিকোণ থেকে কোনো কুমারীকে দেবীর আসনে বসিয়ে কুমারী পূজা করা হয়। এ যেন কুমারীরূপে বিশ্বনারী শক্তি, বিশ্বমাতৃশক্তির প্রতি গভীর শ্রদ্ধার নিবেদন।

অষ্টমী ও নবমী তিথির সন্ধিস্থলে করা হয় সন্ধি পূজা। এর তাত্ত্বিক ব্যাখ্যায় যাওয়ার অবকাশ এখানে নেই। সব শেষে দশমী পূজা। বলা হয় ‘বিজয়া দশমী’।

এ ‘বিজয়া দশমী’ বলার বিষয়টি নিয়েও নানা মত ও উপাখ্যান রয়েছে। একটি হল রাবণের সঙ্গে যুদ্ধে রামের বিজয় ও বিজয়োৎসব। মহিষাসুরকে দেবীদুর্গা বধ করেন এবং দেবতারা ফিরে পান তাদের হারানো স্বর্গরাজ্য। তার জন্যও বিজয়োৎসব পালন করা হয়েছে এই শুক্লা দশমীতে। পৌরাণিক একটি উপাখ্যান অনুসারে দেবী দুর্গা হিমালয় রাজের কন্যা এবং তার মায়ের নাম মেনকা। দেবীদুর্গা ষষ্ঠীর দিন সন্তান-সন্ততি ও স্বামীসহ শ্বশুরবাড়ি থেকে বাবার বাড়ি নাইওরে আসেন। দশমীর দিন আবার স্বামী মহেশ্বরের বাড়ি ফিরে যাওয়ার জন্য রওনা

হন। মেয়ের মন কাঁদে। মা-বাবার চোখ থেকে অশ্রু বরে পড়ে। এক বছর অপেক্ষা

করতে হবে। এক বছর পর মেয়ে আবার বাবার বাড়ি আসতে পারবে। তাই দশমী

তিথিতে পূজার এক পর্যায়ে উচ্চারিত হয় এই মন্ত্র :

ওঁ গচ্ছ গচ্ছ পরং স্থানং য দেবো মহেশ্বরঃ।

সংবৎসরব্যতীতে তু পুনরাগমনায় চ ॥

— হে দেবী তুমি দেব মহেশ্বরের যেখানে আছেন, সেই স্বামীর ঘরে ফিরে যাও।

এক বছর পর আবার আসবে, সেই সময়ের প্রতীক্ষায় বুক বেঁধে রইলাম।

দশমীকে ঘিরে কত আয়োজন। দেবীর পায়ে বিল্বপত্র ছুঁয়ে ভক্তেরা নিজের

কাছে রেখে দেন। সধবা নারীরা দেবীর কপালে সিঁদুর পরিয়ে দেন এবং নিজের মেতে ওঠেন সিঁদুর খেলায়। দশমীতে মেলা বসে। নৌকাবাঁচ হয়। বিসর্জনের বেদনাবিধুর বাজনার সঙ্গে প্রতিমা বিসর্জন দিয়ে ভক্তরা ঘরে ফিরে আসেন। তারপর সবাই একে অপরকে আলিঙ্গন করেন। বড়রা ছোটদের ধান দুর্বা দিয়ে আশীর্বাদ করেন, ছোটরা গভীর শ্রদ্ধায় তাদের চরণে প্রণাম করে।

তাই দুর্গাপূজার বহুমুখী তাৎপর্য রয়েছে। আমরা ধর্মগ্রন্থ পুরাণে দেখি, শক্তির দ্বারা অসুরকে অন্যায়কে অত্যাচারকে অশুভকে পরাভূত করে শান্তি প্রতিষ্ঠা করা হয়েছে যুগে যুগে। শক্তির দেবীর হাতে ভয়ঙ্কর অসুরদের পরাজয়ের মধ্য দিয়ে প্রতিষ্ঠিত হয়েছে শান্তি ও কল্যাণ- পুরাণে বিভিন্ন উপাখ্যানে আমরা একথার দৃষ্টান্ত খুঁজে পাই।

দেবতারা যখন সহজেই অসুরদের কাছে পরাজিত হন, তখন তাদের লজ্জা লুকানোর আর জায়গাই যেন থাকে না। একবার ভোগ-বিলাসে দেবতারা গা ভাসিয়ে দিয়েছিলেন। সরে গিয়েছিলেন নিজ নিজ কর্তব্য থেকে। আর তখন দেবতাদের এই ওদাসীনা আর ভোগ তনুয়য়তার সুযোগে অসুরেরা দখল করে নিল স্বর্গরাজ্য। দেবতারা দেবরাজ ইন্দ্রের সঙ্গে স্বর্গ থেকে বিতাড়িত হলেন। শিব, ব্রহ্মা এবং বিষ্ণু ভক্ত ও দেবতাদের তিন প্রধান, আবার তিনের মিলে পরব্রহ্ম। আমরা যে ‘অউম্’ (ওঁ) বলি, তার দ্বারা ব্রহ্মা, বিষ্ণু, শিব এ তিনে বিভক্ত ব্রহ্মকেই বুঝি। অর্থাৎ ‘ওঁ’ মানে ব্রহ্ম।

বিষ্ণু ও শিব পরাজিত দেবতাদের ভর্ৎসনা করলেন এবং ভেঙে না পড়ে সবার শক্তিকে একত্র সংহত করে অসুরদের বিরুদ্ধে যুদ্ধ করার পরামর্শ দিলেন। সব দেবতার মিলিত শক্তি থেকে আবির্ভূত হলেন দেবী দুর্গা। এই যে ‘সকল দেবতার শক্তির সম্মিলন’- এর মধ্যেই রয়েছে কথাটির তাৎপর্য। দুর্গতি থেকে ত্রাণের জন্য দেবতাদের ঐক্যবদ্ধ শক্তি প্রমূর্ত রূপে প্রকাশ পায় দেবী দুর্গার প্রতীকে।

এ দেবী পৃথিবীর মধ্যেও আছেন। ঐক্যবদ্ধ সংহত শক্তির অনুশীলন ও ঋদ্ধ নৈপুণ্যের কাছে পরাভূত হয়েছিল বৈরী অসুরেরা। বাধ্য হয়েছিল স্বর্গরাজ্য ছেড়ে দিতে। সুতরাং দেবী দুর্গার একটি তাৎপর্য হচ্ছে শক্তির সম্মিলন, মিলিত শক্তির আঘাত এবং শত্রুর পরাজয়ের পর হতরাজ্য বা সম্পদের পুনরুদ্ধার।

আজকের এই বিশ্বে কোনো রাষ্ট্র অপর কোনো রাষ্ট্রকে যুদ্ধের সাহায্যে জয় করে নিজের অধিকারে সাধারণত নিতে পারে না। নিলেও রক্ষা করতে পারে না, বিবেকবান অপর শক্তি বা ঐক্যবদ্ধ বিশ্বশক্তির চাপে। আজকের বিশ্বে আগ্রাসন হয় অর্থনীতি ও রাজনীতির মধ্য দিয়ে। সুতরাং ঐক্যবদ্ধ শক্তি নিয়ে তার সঙ্গে লড়াইতে হয়। আবার নিজের দেশের ভেতরে কখনও কখনও অপশক্তি প্রতিষ্ঠা পায়- শুভের পক্ষের শক্তির অসচেতনতা, ভোগ-লালসা বা অনৈক্যের কারণেও। তখন শুভের পক্ষের শক্তির ঐক্যবদ্ধ প্রচেষ্টার দ্বারা সত্য প্রতিষ্ঠায় প্রয়াসী হতে হয়। এখানেও দুর্গাপূজার প্রতীকী তাৎপর্য প্রকাশিত।

আবার সমাজ ও ব্যক্তির ক্ষুদ্রতর পর্যায়েও আমরা ভোগের জন্য লালায়িত হই, অন্তরের ভেতরে জেগে ওঠে অশুভ অসুরগুলো। তখন অন্তরের শুভ শক্তি যদি তার কাছে পরাজিত হয়, তাহলে আমরা অন্যায়ে লিপ্ত হই, অসঙ্গত ও অনৈতিক আচরণ করি। পক্ষান্তরে আমরা যদি সমাজের বা অন্তরের অশুভকে দমন করি ন্যায় ও সত্যের শক্তিতে, তাহলে অন্যায় থেকে, পাপ থেকে মুক্ত থাকি। শুভ-সুন্দর উজ্জ্বলতায় সমাজ ও ব্যক্তি ভাস্বর হয়ে ওঠে। আর প্রতীকী তাৎপর্যে তখনই দুর্গাপূজা অনুষ্ঠিত হয়ে যায়।

দুর্গাপূজার আরও কিছু তাৎপর্য রয়েছে। কোনো এলাকার ভক্তরা সবাই মিলে যখন দুর্গাপূজার আয়োজন করেন, তখন তার মধ্য দিয়ে প্রতিষ্ঠিত হয় ঐক্য। বিভেদগুলো দূর হয়। এক মিলন মেলায় সবাই মিলিত হয়।

আমাদের দেশে দুর্গাপূজার উৎসবে অংশগ্রহণ করেন জাতি-ধর্ম-নির্বিশেষে সব মানুষ। রাজনৈতিক নেতৃবৃন্দ আসেন শুভেচ্ছা জানাতে, বুদ্ধিজীবীরা ভাষণ দেন, শিল্পীরা সঙ্গীত, নাট্য প্রভৃতি পরিবেশন করেন। দুর্গাপূজা উপলক্ষে বেতার, টেলিভিশনে প্রচার হয় নানা অনুষ্ঠান, প্রকাশিত হয় পত্র-পত্রিকার বিশেষ সংখ্যা বা ক্রোড়পত্র। দুর্গাপূজা উপলক্ষে প্রকাশিত হয় বিশেষ স্মরণিকাসমূহ। প্রবীণ ও নবীন লেখকরা তাতে লেখেন। এর দ্বারা শিল্প-সাহিত্যের চর্চা হয়, সংস্কৃতি বিকশিত হয়। বলা বাহুল্য, দুর্গাপূজার প্রতিমা এবং দুর্গাপূজা উপলক্ষে তোরণ নির্মাণ, আল্পনা প্রভৃতির মধ্য দিয়ে চিত্রশিল্পের বিকাশ ঘটে।

তাই দুর্গাপূজা কেবল ধর্মীয় কৃত্য নয়, তা সার্বজনীন উৎসব। এজন্যই আমরা বলি, ‘ধর্ম যার যার, উৎসব সবার।’





বাংলায় শারদীয়া দুর্গা পূজা

..... Dr Subrata Biswas



‘পরমপ্রকৃতি, বিশ্বের আদি কারণ ও শিবপত্নী-
।’ এই বাক্যটিতে যেন দেবী দুর্গার প্রকৃত পরিচয়
অনেকটাই স্পষ্ট হয়ে ওঠে যে রূপসী মাতৃদেবী
বাংলায় পূজিত হন শরৎকালে, যখন নীলাভ
আকাশে ফুরফুরে হাওয়ায় ভেসে বেড়ায় শাদা
মেঘের ভেলা, নদীর ধারে উজ্জ্বল রোদে ফুটে
থাকে বাতাসে দোল খাওয়া শাদা কাশের ফুল
আর গ্রামীণ জনপদে দেবীর আগমনী ঘোষণায় উন্মাতাল ঢাকের শব্দে বাঙালির
আদিম রক্তশ্রোতে জেগে ওঠে এক আদিম মাতৃভক্ত নিষাদ দেবী দুর্গার পরিচয়
দিতে গিয়ে সুধীরচন্দ্র সরকার এমনটিই লিখেছেন। শিল্পীর তুলিতে পরমপ্রকৃতি,
বিশ্বের আদি কারণ ও শিবপত্নী দুর্গা। শরৎকাল থেকে বসন্ত কাল পর্যন্ত বাঙালির
পূজার সময়; শারদীয়া দুর্গা পূজা দিয়ে এই বাৎসরিক মাতৃপূজার শুভ সূচনা। বারো
মাসে তের পার্বণ কথাটি হিন্দু সম্প্রদায়ের জন্য প্রচলিত থাকলেও শারদীয়া বা দুর্গা
পূজাই বেশি আনন্দ উৎসবের মাধ্যমে পালন করা হয়।

দুর্গা হলেন শক্তির রূপ, তিনি পরব্রহ্ম। অন্যান্য দেব দেবী মানুষের মঙ্গলার্থে তাঁর
বিভিন্ন রূপের প্রকাশ মাত্র। হিন্দু ধর্মশাস্ত্র অনুসারে দেবী দুর্গা ‘দুর্গতিনাশিনী’ বা সকল
দুঃখ দুর্দশার বিনাশকারিণী। পুরাকালে দেবতার মহিষাসুরের অত্যাচারে স্বর্গ থেকে
বিতাড়িত হয়েছিল। ব্রহ্মা, বিষ্ণু ও মহেশ্বর’র শরীর থেকে আগুনের মত তেজরশ্মি
একত্রিত হয়ে বিশাল এক আলোক পুঞ্জ পরিণত হয়। ঐ আলোক পুঞ্জ থেকে
আর্বিভূত এক দেবী মূর্তি। এই দেবীই হলেন দুর্গা। দিব্য অস্ত্রে সজ্জিত আদ্যশক্তি
মহামায়া অসুর কুলকে একে একে বিনাশ করে স্বর্গ তথা বিশ্ব ব্রহ্মাণ্ডে শান্তি স্থাপন
করেন।

দুর্গা পূজা কবে, কোথায় প্রথম শুরু হয়েছিল তা জানা যায় না। ভারতের
দ্রাবিড় সভ্যতায় মাতৃতান্ত্রিক দ্রাবিড় জাতির মধ্যে মাতৃদেবীর পূজার প্রচলন ছিল।
সিন্ধু সভ্যতায় (হরপ্পা ও মহেঞ্জোদারো সভ্যতা) দেবীমাতা, ত্রিমস্তক দেবতা,
পশুপতি শিবের পূজার প্রচলন ছিল। দুর্গা শিবের অর্ধাঙ্গিনী সে হিসাবে অথবা দেবী
মাতা হিসাবে পূজা হতে পারে। তবে কৃত্তিবাসের রামায়নে আছে, শ্রী রাম চন্দ্র
কালিদহ সাগর (বগুড়ার) থেকে ১০১ টি নীল পদ্ম সংগ্রহ করে সাগর কূলে বসে
বসন্তকালে সীতা উদ্ধারের জন্য সর্বপ্রথম শক্তি তথা দুর্গোৎসবের (বাসন্তি পূজা বা
অকাল বোধন) আয়োজন করেছিলেন। মার্কেন্ডেয় পুরাণ মতে, চৌদী রাজবংশের
রাজা সুরাথা খ্রীষ্টের জন্মের ৩০০ বছর আগে কলিঙ্গে (বর্তমানে উরিষ্যা) নামে দুর্গা
পূজা প্রচলন করেছিল। যদিও প্রাচীন উরিষ্যার সাথে নেপালের পূজার কোন
যোগসূত্র আছে কিনা জানা নাই।

দ্বাদশ শতক থেকে বাংলায় দুর্গা পূজার প্রচলন হলেও বর্তমানরূপে পাওয়া যায় ওই
ষোড়শ শতাব্দী থেকেই। তবে ঐতিহাসিকেরা যাই বলুক না কেন, ধান ও শস্যের
এই দেশে দেবী দুর্গার প্রাচীনতা নিয়ে সন্দেহের কোনও অবকাশ নেই। প্রাচীনকালে
দুর্গাপূজা শস্যপূজা রূপে বিরাজমান ছিল। পৃথিবী প্রাণশক্তি ও প্রজনন শক্তির

প্রতীক হিসেবে প্রাচীনকাল থেকেই পূজিত। প্রাচীন বাংলার কৃষিজীবী জনগন
পৃথিবীকে মনে করত শস্যোৎপাদিনী মাতৃদেবী। এই ‘পৃথিবীদেবীর’ পূজা থেকেই
পরবর্তীকালে ‘শস্যদেবী’ ও শস্যপূজার উৎপত্তি হয়েছে। এ কারণে পৃথিবীর দান
শস্য দুর্গাপূজার একটি বড় দিক। দুর্গা পূজায় দেবীর বোধন হয় ষষ্ঠীর দিনে। বোধন-
নর প্রতীক বিল্বশাখা (বেলগাছের ডাল)। পরে দেবীর স্নান, প্রতিষ্ঠা ও পূজা হয়
নবপত্রিকায়। ‘নবপত্রিকা’ হচ্ছে ‘শস্যবধু’। একটি কলগাছের সঙ্গে কচু, হরিদা,
জয়ন্তী, বিল্ব (বেল), ডালিম, মানকচু, অশোক ও ধান একত্রে বেধে এই শস্যবধু
তৈরি করা হয়। এই নবপত্রিকা বা শস্যবধুকেই ‘দেবীর’ প্রতীক হিসেবে প্রথম পূজা
করতে হয়।

থেকে যতটুকু জানা যায় মধ্যযুগে বাংলা সাহিত্যে দুর্গা পূজার অস্তিত্ব পাওয়া যায়।
১১শ শতকে অভিনির্গয়-এ, মৈথিলী কবি বিদ্যাপতির দুর্গাভক্তিতরঙ্গিনীতে দুর্গা
বন্দনা পাওয়া যায়। বঙ্গ ১৪শ শতকে দুর্গা পূজার প্রচলন ছিল কিনা ভালভাবে
জানা যায় না। ১৫১০ সালে কুচ বংশের রাজা বিশ্ব সিংহ কুচবিহারে দুর্গা পূজার
আয়োজন করেছিলেন। ১৬১০ সালে কলকাতার বারিশার রায় চৌধুরী পরিবার
প্রথম দুর্গা পূজার আয়োজন করেছিল বলে ধারণা করা হয়। ১৭৯০ সালের দিকে
এই পূজার আমেজে আকৃষ্ট হয়ে পশ্চিম বঙ্গের হুগলি জেলার গুপ্তি পাড়াতে বার
জন বন্ধু মিলে টাকা পয়সা (চাঁদা) তুলে প্রথম সার্বজনীন ভাবে আয়োজন করে বড়
আকারে দুর্গা উৎসব। যা বারোইয়ার বা বারবন্ধুর পূজা নামে ব্যাপক পরিচিতি পায়।
আধুনিক দুর্গা পূজার প্রাথমিক ধাপ ১৮শ শতকে নানা বাদ্য যন্ত্র প্রয়োগে ব্যক্তিগত,
বিশেষ করে জমিদার, বড় ব্যবসায়ী, রাজদরবারের রাজ কর্মচারী পর্যায়ে প্রচলন
ছিল। পাটনাতে ১৮০৯ সালের দুর্গা পূজার ওয়াটার কালার ছবির ডকুমেন্ট পাওয়া
গেছে।

উরিষ্যার রামেশ্বরপুরে একই স্থানে ৪০০ শত বছর ধরে সপ্তাট আকবরের আমল
থেকে দুর্গা পূজা হয়ে আসছে। ১৯১০ সালে সনাতন ধর্মউৎসাহিনী সভা ভবানীপুরে
বলরাম বসু ঘাট লেনে এবং একই জেলায় অন্যান্যরা রামধন মিত্র লেন, সিকদার
বাগানে একই বছরে ঘটা করে প্রথম বারোয়ারী পূজার আয়োজন করে। ভারতের
স্বাধীনতা আন্দোলনে দুর্গা স্বাধীনতার প্রতীক হিসাবে জাগ্রত হয়। বিংশ শতাব্দীর
প্রথমার্ধে এই পূজা ঐতিহ্যবাহী বারোয়ারী বা কমিউনিটি পূজা হিসাবে জনপ্রিয়তা
লাভ করে। আর স্বাধীনতার পর এই পূজা পৃথিবীর অন্যতম প্রধান উৎসবের মর্যাদা
পায়।

বাংলাদেশের সাতক্ষীরার কলারোয়ার ১৮ শতকের মঠবাড়িয়ার নবরত্ন মন্দিরে
(১৭৬৭) দুর্গা পূজা হত বলে লোকমুখে শোনা যায়। ঢাকেশ্বরী মন্দির চত্বরে আছে
দুই ধরনের স্থাপত্যরীতি মন্দির। প্রাচীনতমটি পঞ্চরত্ন দেবী দুর্গার যা সংস্কারের
ফলে মূল চেহারা হারিয়েছে। মন্দিরের প্রাচীন গঠনশৈলী বৌদ্ধ মন্দিরের মত। ধারণা
করা হয়, দশম শতকে এখানে বৌদ্ধ মন্দির ছিল যা পরে সেন আমলে হিন্দু মন্দির
হয়েছিল এবং ১১শ বা ১২শ শতক থেকে এখানে কালী পূজার সাথে দুর্গা
পূজাও হত। ইতিহাসবিদ দানীর মতে, প্রায় সাড়ে পাঁচশো বছর আগে
রমনায় কালী মন্দির নির্মিত হয়েছিল এবং এখানেও কালী পূজার সাথে দুর্গা
পূজাও হত।

বাংলায় দুর্গাপূজা বলতে ১৬১০ সালের লক্ষীকান্ত মজুমদারের
পূজাকেই বোঝায়। কলকাতার এ পুজোয় ভক্তির চেয়ে
বেশি ছিল বিলাস ব্যসন। এ সময়ে প্রভাবশালী





জমিদার, সামন্ত রাজরা ইংরেজদের সাথে সত্তাব বজায় রাখার জন্য এ পূজার চল করেন। আঠার উনিশ শতকের পূজা মূলত জমিদারদের মাঝেই সীমাবদ্ধ ছিল। দেবী দুর্গা ঢাকায় ঠিক কবে এসেছিলেন তা বলা বেশ শক্ত।

ইতিহাস বলে বল্লাল সেন চতুর্দশ শতাব্দীতে তৈরি করেন ঢাকেশ্বরী মন্দির। অর্থাৎ দেবী দুর্গা সে আমলে ঢাকায় অপরিচিত ছিলেন না। অবশ্য বল্লাল সেনের ঢাকেশ্বরী মন্দির তৈরির ঘটনা এখনো প্রমাণিত নয়। ঢাকেশ্বরী মন্দিরের প্রাচীন যে কাঠামো এখনো দাঁড়িয়ে তা কোন ভাবেই কোম্পানি আমলের আগেকার নয়।

ঢাকার দুর্গাপূজার সবচেয়ে পুরোন তথ্য পাওয়া যায় অর্থনীতিবিদ ভবতোষ দত্তের আত্মজীবনী থেকে। ১৮৩০ সালের সুত্রাপুরের একটি পূজার উল্লেখ করেছেন তিনি। প্রায় দোতলা উঁচু ছিল দুর্গা প্রতিমাটি। সে সময়ে নন্দ লাল বাবুর মৈসুন্দির বাড়িতে পূজাটি হয়েছিল। তবে এরপর আর কোন বিস্তারিত বর্ণনা নেই সে পূজার।

এছাড়াও ইতিহাস বলে ঢাকার রামকৃষ্ণ মিশনের পূজাও এক সময়ে জনপ্রিয় হয়ে উঠেছিল। সে সময়ে গোটা বাংলাতেই ব্রাহ্মণদের মধ্যে প্রাণচাঞ্চল্য লক্ষ্য করা যেত। তবে কিছুকাল পরেই অন্যান্য শ্রেণীর মানুষের চ্যালেঞ্জের মুখে পড়ে ব্রাহ্মণদের আধিপত্য। অনেকে পুরোহিত ছাড়াই শুরু করে দেন পূজা। তবে সেটাও যে খুব একটা প্রচলিত রীতি ছিল তা নয়।

ঢাকায় দুর্গা পূজা সাধারণ্যে আসতে প্রচুর সময়ের প্রয়োজন পড়ে। এর প্রমাণ পাওয়া যায় ঢাকায় সময় কাটানো বিভিন্ন মানুষের আত্মজীবনী থেকেই। হৃদয়নাথ, গণিউর রাজা, বুদ্ধদেব বসুসহ গত শতকের শুরুর দিকে যারা ঢাকায় সময় কাটিয়েছেন, তাদের কারো লেখাতেই আসেনি দুর্গাপূজার প্রসঙ্গ।

ঢাকাবদ অধ্যাপক মুনতাসীর মামুনের পুরনো ঢাকার উৎসব ও ঘরবাড়ি বইটিতে ঢাকার উৎসব হিসেবে ঈদ, মুহররম, জন্মাষ্টমী, হোলি ও ঝুলনের উল্লেখ রয়েছে। এর অর্থ এই দাঁড়ায় দুর্গাপূজা বিংশ শতকের শুরুরতেও ছিল পারিবারিক, অভিজাতদের মাঝে। অভিজাতদের বাইরে কেবল এর সার্বজনীনতা অর্থাৎ এখন যে ধরনের পূজা প্রচলিত, তা শুরু হতে গত শতকের তিরিশের দশক লেগে যায়।

তবে সার্বজনীন পূজা ব্যাপক আকারে শুরু হয় ১৯৪৭ এর দেশ বিভাগের পর। দেশ ভাগের পর একক ভাবে পূজা করাটা বেশ ব্যয় সাপেক্ষ হয়ে ওঠে। এর ফলে ব্রাহ্মণ-অব্রাহ্মণ নির্বিশেষে মিলেমিশে পূজা করার চল শুরু হয়। তবে এখনো পারিবারিক পূজার চল রয়ে গেছে পুরোন ঢাকার বিভিন্ন এলাকায়। ৭১ এ দেশ স্বাধীন হওয়ার পর কিংবদন্তীর ঢাকেশ্বরী মন্দিরে শুরু হয় দেশের কেন্দ্রীয় দুর্গা পূজা।

প্রথমদিকে যেহেতু কেবল বাবুগিরি আর ইংরেজদের সাথে সত্তাব বজায় রাখার জন্যই পালিত হত এ উৎসব, সে কারণেই ধর্মীয়ভাবের চেয়ে সেখানে বেশি প্রাধান্য পেত আমোদ-প্রমোদ। কিন্তু বিত্তবান বাবুরা দুর্গোৎসবের যে জোয়ার আনতে চেষ্টা করেছিলেন তাতে পাঁক ও আবর্জনা ছিল বেশি।

বাবুদের অর্থকৌলিন্য প্রকাশের পাশাপাশি সামাজিক মর্যাদা লাভের উপায়ও ছিল এ উৎসব। কালী প্রসন্ন সিংহের ছুতোম প্যাঁচার নজর দুর্গাপূজার বর্ণনায় এসেছে বাঙ্গি নাচ, খেমটা নাচ, কবিগান, কীর্তনের। পূজায় ইংরেজদের আপ্যায়ণের জন্য

প্রস্তুত থাকত ব্র্যান্ডি, শেরি, শ্যাম্পেন।

সনাতন ধর্মের অনুসারী সাংস্কৃতিক ব্যক্তিদের পদচারণায়, তাদের সাংস্কৃতিক অনুষ্ঠানমালায় এ পূজা এখন অন্যতম আকর্ষণ ঢাকার। মূলত গুলশান, বনানী, উত্তরার হিন্দুরাই এ মেলার মূল আয়োজক। পুরোন ঢাকার পূজামন্ডপে যেমন পাওয়া যায় ঐতিহ্যের আর ইতিহাসের, সেখানে বনানী মাঠের পূজা মন্ডপে খোঁজ মিলে আধুনিকতার। তবে এ কথা অস্বীকার করার উপায় নেই যে, সাম্প্রদায়িক সম্প্রীতিতে দুর্গাপূজা একটি অন্যতম অনুসঙ্গ। দুর্গোৎসব বাঙালি হিন্দুদের সর্বশ্রেষ্ঠ পূজা।

বিভিন্ন পুরাণ শাস্ত্রে দুর্গা দেবীর আদ্যাশক্তি মহামায়া, চণ্ডী, উমা, ভগবতী, পার্বতী প্রভৃতি নামে পূজিতা। ব্রহ্মবৈবর্ত পুরাণ, কালিকা পুরাণ, দেবী পুরাণ, দেবী ভগবত প্রভৃতি গ্রন্থে দেবী দুর্গার কাহিনী, কাঠামো ও লীলার বর্ণনা পাওয়া যায়। সেখানে কিছু কিছু পার্থক্য দেখা যায়। শরতের দুর্গাপূজা শারদীয়-দুর্গোৎসব মূলত মার্কণ্ডেয় পুরাণের অন্তর্গত শ্রী শ্রী চণ্ডী গ্রন্থ অনুসারে হয়ে থাকে।

চণ্ডী গ্রন্থ খ্রিস্টীয় তৃতীয় শতাব্দীতে রচিত এবং যা ভাগবত পুরাণের পূর্বে রচিত হয়। মার্কণ্ডেয় পুরাণের মূল অংশ চণ্ডী। কেউ কেউ মনে করেন, ভারতের নর্মদা অঞ্চল অথবা উজ্জয়িনীতে চণ্ডীর উৎপত্তি। অনেক গবেষক মনে করেন, চট্টগ্রাম করালডালা পাহাড় শ্রী চণ্ডীর আবির্ভাব স্থল। বৈদিক যুগ থেকেই দুর্গা নাম প্রচলিত। ঋগবেদে বিশ্বদুর্গা, সিন্ধুদুর্গা, অগ্নিদুর্গা এই তিনটি নাম পাওয়া যায়। দুর্গাপূজা কেবল শান্ত সমাজেই নয়, প্রাচীন বৈষ্ণব সমাজেও অনুষ্ঠিত হয়েছে।

এছাড়াও চৈতন্যদেব চণ্ডীমন্ডপেই চতুষ্পাঠী চালু করেন। প্রাচীন বৈষ্ণব কবি চণ্ডী দাস, বৈষ্ণবাচার্য্য নিত্যানন্দজীও দুর্গাদেবীর ভক্ত ছিলেন। মার্কণ্ডেয় পুরাণ মতে, সত্য যুগের রাজা সুরথ, সমাধি বৈশ্য দেবীর মনুয়া মূর্তি গড়ে পূজা আরম্ভ করেছিলেন। কৃত্তিবাস রামায়ণ থেকে জানা যায়, ত্রেতা যুগে লঙ্কার রাজা রাবণ দেবীপূজার আয়োজন করে দেবীর আশীর্বাদধন্য হয়েছিলেন।

বাংলাদেশে প্রথম দুর্গাপূজার প্রচলন হয় মোগল সম্রাট আকবরের রাজত্বকালে, ষোড়শ শতাব্দীতে। মোগল সম্রাট বিদূষক কুলুক ভট্টের পিতা উদয় নারায়ণের পৌত্র অর্থাৎ কুলুক ভট্টের পুত্র তাহিরপুরের রাজা (বর্তমান রাজশাহী) কংস নারায়ণ রায় প্রায় সাড়ে আট লাখ টাকা ব্যয় করে প্রথম শারদীয় দুর্গোৎসবে আয়োজন করেন। পড়ে তার সঙ্গে পাল্লা দিয়ে ভাদুরিয়ার (রাজশাহী) রাজা জয় জগৎ নারায়ণ প্রায় ৯ লাখ টাকা ব্যয় করে বাসন্তী দুর্গোৎসব করেন।

তারপর থেকে রাজা ভুঁইয়ারা নিয়মিতভাবে দুর্গাপূজা আরম্ভ করেন। ১৮৫৭ সালে সিপাহি বিপ্লবের সময় বিক্রমপুর পরগনায় ভাগ্যকুল জমিদার বাড়ির রাজা ব্রাদার্স এস্টেটের এবং সাটুরিয়া থানার বালিহাটির জমিদার বাড়ির দুর্গাপূজা আয়োজনের ব্যাপকতা কিংবদন্তি হয়ে আছে।





দেবী দুর্গা কে? কেনই বা তাঁর অকালে বোধন হয়?

..... Manoranjan Paul



কখনও তিনি মহামায়া, কখনও বা উমা। কখনও আবার মহিষাসুরমর্দিনী। এমনই বহু নামে মতে পূজিত হন দেবী দুর্গা। শক্তির আধার দেবী দুর্গাকে আরাধনার মাধ্যমেই প্রতিবছর শারদীয়া উৎসবে মেতে ওঠে বাঙালি। ষ্ণময়ীর পূজো থেকে পেটপুজো, আলোর রোশনাই, বাহারি পোশাক কোনটারই কমতি থাকে না চারদিনের সার্বজনীন এই উৎসবে। আর এই উৎসব ঘিরে

রয়েছে নানা মতবাদ নানা মতামত।

পুরাণ ও দুর্গাপূজা : ব্রহ্মার বরদান পেয়ে অপ্রতিরোধ্য হয়ে উঠেছিল অসুররাজ মহিষাসুর। যুদ্ধে অসুরবাহিনীর কাছে পরাস্ত হয়ে সিংহাসন হারিয়েছিলেন দেবতা ইন্দ্র। স্বর্গে দেবতাদের প্রবেশ নিষিদ্ধ হয়ে গিয়েছিল। সমস্যার সমাধানের জন্য ভগবান বিষ্ণুর দ্বারস্থ হন দেবতারা। কিন্তু কোনও মহিষাসুরকে রুদ্ধ করার কোনও কৌশল খুঁজে পাচ্ছিলেন না কেউই। কারণ ব্রহ্মার বরদান অনুযায়ী কোনও পুরুষ বা কোনও দেবতা মহিষাসুরকে বধ করতে পারবে না।

সেই কারণেই অসুরিনধনে ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বরের তেজ থেকে জন্ম হয় ময়ামাহার। হিন্দুশাস্ত্র মতে, কাত্যায়ণ ঋষির আশ্রমে দুর্গার জন্ম হয়েছিল বলে তাঁর আর এক নাম কাত্যায়ণী। আশ্রমেই শুক্লসপ্তমী, অষ্টমী ও নবমী এই তিনদিন আরাধনার মাধ্যমে দেবীর আবাহন করেন ঋষি কাত্যায়ণ। চতুর্দশ অর্থাৎ দশমীতে মহিষাসুরবধ করেন দেবী।

অকাল বোধন : শরৎকালে আশ্বিন মাসে চিরাচরিত দুর্গাপূজো হয়ে থাকে তাই এই উতসবের আর এক নাম শারদীয়া। কিন্তু রাবণের সঙ্গে যুদ্ধে যাওয়ার আগে দেবী দুর্গাকে তুষ্ট করতে বসন্তকালেই দেবীর আবাহন করেন অযোধ্যার রাজা রামচন্দ্র। অন্যসময়ে বা অকালে দেবীর বোধন হয় বলে এই পূজা অকাল বোধন নামেই পরিচিত। ১০৮টি নীলপদ্ম দিয়ে পূজা করলে দেবী প্রসন্ন হবেন একথা জানতেন রাম। আর তাই নীলপদ্মের সন্মানে সারা পৃথিবী ঘুরে বেড়ান তিনি। কিন্তু ১০৭টি পদ্ম খুঁজে পান তিনি। বাকি একটি পদ্মের ঘাটতি মেটাতে নিজের একটি চোখ দেবীর কাছে সমর্পণ করার সিদ্ধান্ত নেন রাম। এহেন শ্রদ্ধায় সন্তুষ্ট হয়ে দেবী রামের সম্মুখে প্রকট হয়ে আশীর্বাদ দেন। যুদ্ধ শুরু হয় সপ্তমীতে। ভয়াবহ যুদ্ধ চলতে থাকে। অবশেষে অষ্টমী ও নবমীর সন্ধিক্ষণে রামের হাতে মৃত্যু হয় রাবণের। দশমীর দিন রাবণের শবদাহ করা হয়।

বাংলায় প্রথম দুর্গাপূজা : বাংলায় কবে ও কারা প্রথম দুর্গাপূজোর প্রচলন করেন তা নিয়ে অনেক মতভেদ রয়েছে। ইতিহাসের পাতা ঘেটে জানা যায় ১৫০০ সালে বাংলায় প্রথম দুর্গাপূজো হয়। দিনাজপুর ও মালদহের জমিদাররা প্রথম দুর্গাপূজোর শুরুর পরিকল্পনা নেন। কারও মতে, তাহেরপুরের রাজা কংসনারায়ণ প্রথম সাড়শের দুর্গাপূজো শুরু করেন। কারও দাবি নদিয়ার ভাষানন্দ মজুমদার প্রথম শারদীয়া পূজোর সূচনা করেন বাংলায়।

বারোয়ারি পূজা : ১৯১০ সালে প্রথম শারদীয়া পূজো জমিদার ও বাবু ঘরানার বাইরে বেরিয়ে সাবজনীন হয়ে ওঠে। সনাতনী ধর্মোতসাহিনী সভার আয়োজনে কলকাতার বাগবাজারে প্রথম সাধারণ মানুষের জন শুরু হয় সার্বজনীন দুর্গোৎসব। কুমারী পূজা : নিজের চার সন্তানকে নিয়ে প্রতিবছর চারদিনের জন্য বাপের বাড়ি

ঘুরতে আসেন উমা। এই চারদিনের মধ্যে বিভিন্ন রূপে পূজিত হন দেবী। যার মধ্যে একটি হল কুমারী রূপ। যা মহাশক্তির সবচেয়ে দৃঢ় রূপ বলে মনে করা হয় হিন্দুশাস্ত্রে। অষ্টমীতে কখনও বা নবমীতে এক থেক যোলো বছরের মেয়েদের দেবীর কুমারী রূপ হসাবে পূজো করা হয়। ১৯০২ সালে বেলুড় মঠে প্রথম কুমারী পূজোর প্রচলন করা হয়।

কলাবউ ও নবপত্রিকা : দুর্গাপূজোয় গণেশের সঙ্গে কলাবউয়েরও পূজো করা হয়। কথায় বলে গণেশের বউ কলাবউ। কিন্তু বাস্তবে গণেশের সঙ্গে কলাবউয়ের কোনও সম্পর্কই নেই। শাস্ত্রে একে নবপত্রিকা বলা হয়। জানা যায়, ফসলের সৃষ্টির জন্য পালিত হওয়া জনপ্রিয় প্রাচীন রীতি নবপত্রিকা নামে প্রচলিত। শরৎকালে কলাগাছ, কচুগাছ, হলুদগাছ, জয়ন্তীগাছ, বেলগাছ, ডালিমগাছ, মানকচু, ধানগাছ ও অশোকগাছ এই ৯টি বৃক্ষকে পূজো করা হত। পরে যখন দুর্গাপূজা জনপ্রিয় হয় তখন নবপত্রিকার রীতিকেও এর অন্তর্ভুক্ত করা হয়। দুর্গাপূজোয় নবপত্রিকার প্রতিনিধি স্বরূপ কলাগাছকে মন্ডপে রাখা হয়।



শরত এলো দ্বারে

সুদীপ্তা গোস্বামী

শরত এলো বুঝি দ্বারে মায়ের আগমন বার্তায়
ভেসে চলে মন আনন্দ জোয়ারে,
শিউলি ছড়ানো উঠোন স্নিগ্ধ সুবাস ছড়ায়,
নির্মল গগনে শুভ্র মেঘের ভেলা।

প্রস্ফুটিত নীল পদ্ম শোভিছে সরোবরে
বিছিয়ে নদীর কূল কাশফুল সাদা চাদরে।
ঝাঁকে ঝাঁকে বলাকারা যাচ্ছে উড়ে দূর গগনে,
আন্দোলিত বৃক্ষরাজি মলয় পবনে।

মধুর লোভে ভ্রমর অলি গুঞ্জরিত ফলে ফুলে,
আনন্দ জোয়ারে আলোক রশ্মি খেলা করে ধরাতলে।
চারিদিকে ছড়িয়ে শরতের অরুণ আলো
মায়ের আগমনী বার্তা ধ্বনিলো রে ধ্বনিলো।

ঐতো মায়ের পদধ্বনি দিগন্ত জুড়ে শোনা যায়,
মংগল বার্তা নিয়ে মা জননী আসছে ধরায়।
ঘরে ঘরে পাড়ায় পাড়ায় লেগেছে ধুম,
মায়ের আগমনী বার্তায় কারো নেই ঘুম।

এসেছে কুমোরেরা খর, মাটি বাঁশ নিয়ে
যতন করে গড়বে মাকে মন মাধুরী দিয়ে।
নানা বর্ণের বস্ত্র পড়িয়ে সাজায়ে অলংকারে,
সবশেষেতে চক্ষুদান তুলির আঁখরে।





About UDOK PERFORMING ARTS AND FOUNDERS



Udok performing arts, established around fifteen years ago by two young aspiring Indian classical dancers Moumita Chatterjee and Rajib Saha. They traveled various states of India and around the world several times with their classical dance performance to various category audience.

Moumita was born in Kolkata. She took her first dance training by her mother and later she went to Kalamandalam Calcutta. Moumita had the opportunity to learn under revered Guru Dr. Smt. Thankamani Kutty. She is now a senior dance teacher of Kalamandalam.

Rajib started his carrier of dance from smt. Mamata Shankar. He learned Chhou dance from Orissa, Kathakali from Guru Gobindan Kutty and Bharatnatyam from Guru Abhoy Pal.

Moumita and Rajib have travelled all over India and abroad to perform Indian classical dance.

As a part of their classical dance teaching passion they have opened a classical dance school in Sydney in the name of "Udok Performing Arts Sydney". They are willing to introduce the pure classical dance to children of subcontinent communities.

Contact Details of dance school:

Udok Performing Arts Sydney

Email: udokonstage@gmail.com

Phone: 0424232831 or 001191-9830991036

আনন্দময়ী মা

Banane Biswas



এসেছে শরৎকাল
আশ্বিনের শুভ্রনীল আকাশ
প্রাণের দ্বারে এসে দাড়িয়েছে অতিথি
তুমি মা জগৎজননী,

বেজে উঠলো চরাচর আনন্দরাশি শতশত
আনন্দ যেন জলে, বায়ুতে, বাক্য, মনে আর
চিত্তে সুধার উর্বরতা আনুক প্রানে
তুমি মা ভুবনমোহনী,

তোমার জন্য সাজাই অর্ঘ্য
সাজাই আশার আলোকমালা
তুমি মা আলোকময়ী,
তিমীর বিনাশী আলোয় ভরা উৎসবের এই
প্রাঙ্গণ, সারা বছর হোক প্রার্থনা
তুমিতে মা আনন্দময়ী ।

স্বাধীনতা

মাঝে মাঝে একলা কোথাও হারিয়ে যেয়ো
পেছনে পরে থাক বাকি সবকিছু—
যত সব দায়িত্ব, যত সম্প্রক
হারিয়ে যেও স্বাধীনভাবে, নিজের মনে
আমাদের রোজকার জীবনটা বড্ড়া একঘেয়ে
এক একটা দিন অবিকল আরেকটা দিনের মতন—

বর্ণহীন, ক্লান্তিকর
আমার মতন, তোমারো কি বিদ্রোহ করতে
সাধ জাগে না ?
তাই বলি
মাঝে মাঝে একলা কোথাও হারিয়ে যেও





রবি ঠাকুরের ভাবনায় দুর্গা পূজা

..... Bidhan Chakraborty



এক. রবীন্দ্রনাথ ঠাকুর ঈশ্বরকে গতানুগতিক অনুসন্ধান করতে চাননি। তাঁর সমগ্র ধ্যান ধারণা ও কর্ম সাধনায় অনন্তর চৈতন্যই সমধিক গুরুত্ব পেয়েছে। গৃহ ও গৃহ কাজের মধ্যেই তিনি ঈশ্বরকে খুঁজে পেয়েছেন। আজ গোটা দুনিয়ার গবেষকরা রবীন্দ্রনাথের কবিতা, গান, প্রবন্ধ, ছবি আঁকা নিয়ে গবেষণা করছেন। বলা হয়ে থাকে

তিনি নিরাকার ঈশ্বরে বিশ্বাসী ছিলেন। তাহলে বাঙালীর চিরন্তন উৎসব দুর্গা পূজা নিয়ে তাঁর ভাবনা কী ছিল? রবীন্দ্রনাথ ঠাকুরের দুর্গা পূজা ভাবনাটা আসলে বিশেষ জটিল। জটিল কিন্তু দুর্বোধ্য নয়। এই লেখার ভিতরে কবিগুরু রবীন্দ্রনাথের যে উক্তিগুলো দেওয়া হয়েছে, সেগুলো মোটেই দুর্বোধ্য নয়। কিন্তু বলা যায় সবিশেষ জটিল। কবিগুরু মনেপ্রাণে বিশ্বাস করতেন, উত্সবের দিন একলার গৃহ সকলের গৃহ হয় ১। ১৯০৩ সালের ২২ অক্টোবর বোলপুর থেকে কাদম্বিনী দেবীকে লেখা একটা চিঠিতে রবীন্দ্রনাথ জানিয়াছিলেন, ‘সাকার নিরাকার একটা কথার কথা মাত্র। ঈশ্বর সাকার এবং নিরাকার দুই-ই। শুধু ঈশ্বর কেন আমরা প্রত্যেকেই সাকারও বটে নিরাকারও বটে। আমি এ সকল মতামত লইয়া বাদ-বিবাদ করিতে চাই না। তাহাকে রূপে এবং ভাবে, আকারে এবং নিরাকারে, কর্মে এবং প্রেমে সকল রকমেই ভজনা করিতে ইহবে। আকার তো আমাদের রচনা নহে, আকার তো তাঁহার-ই।’ এরও দু বছর পরে ১৯১২ সালের ১৮ মার্চ আরেকটি চিঠিতে রবীন্দ্রনাথ কাদম্বিনী দেবীকে লেখেন, ‘প্রতিমা সম্বন্ধে আমার মনে কোনো বিরুদ্ধতা নেই। অর্থাৎ যদি কোনো বিশেষ মূর্তির মধ্যেই ঈশ্বরের আবির্ভাবকে বিশেষ সত্য বলে না মনে করা যায় তাহলেই কোনো মুশকিল থাকে না।

দুই. মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর দুর্গাপূজার সময় ইচ্ছে করেই প্রবাসে কাটাতেন। মহর্ষি-কন্যা সৌদামিনী দেবী এ প্রসঙ্গে লিখেছেন, ‘পূজার সময় কোনও মতেই পিতা বাড়ি থাকিতেন নাড়্রজন্যই পূজার উত্সবে যাত্রা গান আমোদ যত কিছু হইত তাহাতে আর সকলেই মতিয়া থাকিতেন কিন্তু মা তাহার মধ্যে কিছুতে যোগ দিতে পারিতেন না।’ ‘ষষ্ঠীর দিন সবাইকে জিনিসপত্র ‘বিলি’ করে দেওয়া হত। শুধু ছেলেমেয়েরাই নয়, আত্মীয়-স্বজন, কর্মচারী, ভৃত্য এবং বিয়েরাও নতুন জামাকাপড় পেনতেন। এর পরে আসত পাবণীর পালা।...দ্বারকানাথ অত্যন্ত দরাজ ছিলেন এবং প্রচুর খরচ করতেন। এ সময়েই মোয়া, ক্ষীর প্রভৃতি মিশিয়ে একটি বৃহদাকার মিঠাই পূজার সময় তৈরি করা হত এবং ফুটবল সদৃশ এই বিশাল মিঠাইয়ের স্মৃতি অনেকের মনে থেকেই মিলিয়ে যায়নি।’ রবীন্দ্রনাথের মেজদা সত্যেন্দ্রনাথ ঠাকুর সেকালের ঠাকুরবাড়ির দুর্গোৎসব প্রসঙ্গে জানিয়েছে যে, ‘দালানে গিয়ে সন্ধ্যার আরতি দেখতুম, তাদে ধূপধুনা বাদ্য ধ্বনির মধ্যে আমরা ঠাকুরকে প্রণাম করে আসতুম, এত বাহ্য আড়ম্বরের মধ্যে এই যা ভিতরকার আধ্যাত্মিক জিনিস।’

বিজয়ার দিন প্রতিমার নিরঞ্জনের মিছিলে ঠাকুরবাড়ির ছেলেরা যোগ দিতেন। মহর্ষি-কন্যা সৌদামিনী দেবী (সৌদামিনী দেবী :মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুরের জ্যেষ্ঠা কন্যা। স্বামী সারদাপ্রসাদ গঙ্গোপাধ্যায়।) জানিয়েছেন, ‘আমাদের বাড়িতে যখন দুর্গোৎসব ছিল ছেলেরা বিজয়ার দিনে নতুন পোশাক পরিয়া প্রতিমার সঙ্গে চলিত আমরা মেয়েরা সেইদিন তেতলার ছাদে উঠিয়া প্রতিমা বিসর্জন দেখিতাম। তখন বত্সরের মধ্যে সেই একদিন আমরা তেতলার ছাদে উঠিবার স্বাধীনতা পাইতাম।’ এর জন্য মহর্ষি দেবেন্দ্রনাথের পিসতুতো ভাই চন্দ্রমোহন একবার মহর্ষিকে অভিযোগ করে বলেন, ‘দেখ দেবেন্দ্র, তোমার বাড়ির মেয়েরা বাহিরের খোলা ছাদে বেড়ায়। আমরা দেখিতে পাই, আমাদের লজ্জা করে। তুমি শাসন করিয়া দাও না কেন?’ দেবেন্দ্র কিন্তু এ ব্যাপারে বাড়ির মেয়েদের কিছু বলা ঠিক বলে মনে করেননি। সত্যেন্দ্রনাথ ঠাকুরের কাছে ‘বিজয়ার রাতে শান্তিজল সিঞ্চন ও ছোট-বড় সকলের মধ্যে সম্ভবে কোলাকুলি’ খুব প্রিয় ছিল। এ ছাড়াও সত্যেন্দ্রনাথ লিখেছেন, ‘বিজয়ার দিন প্রত্যুষে আমাদের গৃহনায়ক বিষু আগমনী ও বিজয়ার গান করতে আসতেন।’ অন্যদিকে অবনীন্দ্রনাথ লিখেছেন, ‘এরপরে বিজয়া। সেইটে ছিল আমাদের খুব আনন্দের দিন। সেদিনও কিছু কিছু পার্বণী মিলত। আমাদের বুড়ো বুড়ো কর্মচারী যাঁরা ছিলেন যোগেশদাদা প্রভৃতিকে আমরা পেন্নাম করে কোলাকুলি করতুম। বুড়ো বুড়ো চাকরাও সব এসে আমাদের টিপটিপ করে পেন্নাম করত। তখন কিন্তু ভারি লজ্জা হত। খুশিও যে হতুম না তা নয়। কর্তামশায়কে কর্তাদিদিমাকে এ বাড়ির ও বাড়ির সকলেই প্রণাম করতে যেতুম। বরাবরই আমরা বড় হয়েও কর্তামশায়কে প্রতিবছর প্রণাম করতে যেতুম। তিনি জড়িয়ে ধরে বলতেন, ‘আজ বুঝি বিজয়া।’ পরবর্তীকালে নিজেদের বাড়িতে অনুষ্ঠিত ‘বিজয়া সম্মিলনী’ প্রসঙ্গে অবনীন্দ্রনাথ লিখেছেন, ‘বসত মস্ত জলসা। খাওয়া দাওয়া, আতর পান, গোলাপজলের ছড়াছড়ি। ঝাড়বাতি জ্বলছে। কিন্তু গুস্তাদ তানপুরা নিয়ে গানে গানে মাত করে দিতেন।’ জোড়াসাঁকো ঠাকুরবাড়ির মা দুর্গাকে খাঁটি সোনার গয়না দিয়ে সাজানো হত এবং সালংকার সেই প্রতিমাকেই বিসর্জন দেওয়া হত। ক্ষিতীন্দ্রনাথ ঠাকুরের স্মৃতিকথায় পাচ্ছি, ‘...ভাসানের সময়েও সে গহনা খুলিয়া লওয়া হইত নাড়্রসম্ভবত ভাসানের নৌকার দাঁড়ি মাঝি বা অন্য কর্মচারীরা তাহা খুলিয়া লইত, কিন্তু প্রতিমার গা-সাজানো গহনা আবার ঘুরিয়া ফিরিয়া বাড়িতে উঠিত না।’ তত্ত্বাবোধিনী সভা প্রতিষ্ঠিত হওয়ার দশ বছর পরেও ঠাকুরবাড়িতে দুর্গাপূজা আর জগদ্ধাত্রী পূজা অনুষ্ঠিত হতো। মহর্ষি দেবেন্দ্রনাথের কনিষ্ঠ ভ্রাতা নগেন্দ্রনাথের মতে, ‘দুর্গোৎসব আমাদের সমাজ-বন্ধন, বন্ধু-মিলন ও সকলের সঙ্গে সদ্ভাব স্থাপনের একটি উৎকৃষ্ট ও প্রশস্ত উপায়। ইহার উপরে হস্তক্ষেপ করা উচিত হয় না; করিলে সকলের মনে আঘাত লাগিবে।’ রবীন্দ্রনাথের কাছে বোধহয় নিজের ছোটকাকার এই ধারণাই বেশি গ্রহণযোগ্য মনে হয়েছিল।

তিন. অবর্ণনীয় দুঃখ আর অনির্বচনীয় আনন্দের ঠিক মাঝখানটিতে বাঙালি চিরকাল দাঁড়িয়ে থাকে। জাতিগতভাবে এখানেই তার অনন্যতা, এখানেই তার অমরত্ব। এই কোজাগরী পূর্ণতার মধ্যেই সে তার মনুয়ী জননীর মুখ দেখতে পায়। ক্ষুদ্রতায় ঘেরা তার গৃহকোণ তখন জীবনলীলার মহাঙ্গন হয়ে ওঠে। জগজ্জননী বসুন্ধরা হয়ে ওঠেন বিশ্বরূপা, ভয়ঙ্করী আদ্যাশক্তি রূপান্তরিত হন শুভঙ্করীতে। এই জীবন প্রতিমতা থেকে জন্ম নেয় তার প্রতিমা। মাতৃপূজা হয়ে ওঠে মুক্তির পূজা, মানুষের পূজা, সার্বভৌম গরিমায় দেখা দেন মানবীমূর্তিতে। তাই রবীন্দ্র সাহিত্যে দুর্গাপূজা খুবই স্বাভাবিকভাবেই এসেছে। কবিতায়, ছড়ায়, গল্পে, উপন্যাসে সর্বত্রই দুর্গা উৎসবের





প্রাসঙ্গিকতা দেখতে পাওয়া যায়। আগেই উল্লেখ করেছি, কবিতার মতোই বেশ কিছু ছোট গল্পের মধ্যেও রবীন্দ্রনাথ দুর্গাপূজার প্রসঙ্গকে স্থান দিয়েছেন। ‘দেনা পাওয়া’ গল্পের রামসুন্দর মিত্রকে আজও বহু মেয়ের বাবার মধ্যে দেখতে পাওয়া যায়, যাঁদের দুর্ভাগা কন্যারা তাদের শ্বশুরবাড়িতে এক নিদারুণ মানসিক এবং কখনোবা শারীরিক নির্যাতন ও লাঞ্ছনার মধ্যে দিয়ে দিন কাটাচ্ছে। তাদের অপরাধ কেন তাদের বাবারা পর্যাপ্ত পরিমাণে যৌতুক দিতে অপারগ। রামসুন্দর মিত্রের কন্যা নিরুপমাকেও তার শ্বশুরবাড়িতে ওই অপরাধের জন্য এক অমানুষিক নির্যাতনের বলি হতে হয়েছিল। শ্বশুরবাড়িতে তার আদরের মেয়ে নিরুপমা কেমন আছে তা দেখতে গিয়ে রামসুন্দর মিত্রকে বারবার নিদারুণ অপমানের সম্মুখীন হতে হয়েছে। অবশেষে, রামসুন্দর ‘মনে মনে প্রতিজ্ঞা করিলেন, যতদিন না সমস্ত টাকা শোধ করিয়া দিয়া অসৎকোচে কন্যার উপরে দাবি করিতে পারিবেন, ততদিন আর বেহাইবাড়ি যাইবেন না।’ কিন্তু বাবার মন তো! দেখতে দেখতে পূজার সময় এসে গেলে। রামসুন্দর আর স্থির থাকতে পারলেন না। ‘আগ্নি মাস আসিল। রামসুন্দর বলিলেন, ‘এবার পূজার সময় মাকে ঘরে আনিবই, নহিলে আমি’খুব একটা শক্ত রকম শপথ করিলেন।

পঞ্চমী কি ষষ্ঠীর দিনে আবার চাদরের প্রান্তে গুটিকতক নোট বাঁধিয়া রামসুন্দর যাত্রার উদ্যোগ করিলেন। পাঁচ বত্সরের এক নাতি আসিয়া বলিল, দাদা, আমার জন্যে গাড়ি কিনতে যাচ্ছিস?’ বহুদিন হইতে তাহার ঠেলাগাড়িতে চড়িয়া হাওয়া খাইবার শখ হইয়াছে, কিন্তু কিছুতেই তাহা মিটিবার উপায় হইতেছে না। ছয় বত্সরে এক নাতিনী আসিয়া সরোদনে কহিল, পূজার নিমন্ত্রণে যাইবার মতো তাহার একখানিও ভালো কাপড় নাই। রামসুন্দর তা জানিতেন এবং সে-সম্বন্ধে তামাক খাইতে খাইতে বৃদ্ধ অনেক চিন্তা করিয়াছেন। রায়বাহাদুরের বাড়ি যখন পূজার নিমন্ত্রণ হইবে তখন তাঁহার বধূগণকে অতি যৎসামান্য অলংকারে অনুগ্রহপাত্র দরিদ্রের মতো যাইতে হইবে, একথা স্মরণ করিয়া তিনি অনেক দীর্ঘনিঃশ্বাস ফেলিয়াছেন; কিন্তু তাহাতে তাঁহার ললাটের বার্ষিক্যরেখা গভীরতর অঙ্কিত হওয়া ছাড়া আর কোনো ফল হয় নাই।’ রবীন্দ্রনাথ তাঁর বেশকিছু প্রবন্ধে দুর্গাপ্রসঙ্গ নানাভাবে আলোচনা করেছেন। বিষয়ের তাৎপর্য অনুযায়ী তাঁর আলোচনার গভীরতাও বিভিন্ন রূপ নিয়েছে। ‘লোকসাহিত্য’-এর অর্ন্তভুক্ত ‘ছেলেভুলানো ছড়া’ প্রবন্ধটি একটি বহু প্রচলিত ছড়া প্রসঙ্গে রবীন্দ্রনাথ লিখেছেন, ‘আমাদের বাংলাদেশের এক কঠিন অন্তরবেদনা আছেন মেয়েকে শ্বশুরবাড়ি পাঠানো। অপ্রাপ্তবয়স্ক অনভিজ্ঞ মৃদু কন্যাকে পরের ঘরে যাইতে হয়, সেইজন্য বাঙালি কন্যার মুখে সমস্ত বঙ্গদেশের একটি ব্যাকুল করুণ দৃষ্টি নিপতিত রহিয়াছে। সেই স করুণ কাতর স্নেহ বাৎসরিক শারদোৎসবে স্বর্গীয়তা লাভ করিয়াছে। আমাদের এই ঘরের স্নেহ, ঘরের দুঃখ, বাঙালির গৃহের এই চিরন্তন বেদনা হইতে অশ্রুজল আকর্ষণ করিয়া লইয়া বাঙালির হৃদয়ের মাঝখানে শারদোৎসব পলবে ছায়ায় প্রতিষ্ঠিত হইয়াছে। ইহা বাঙালির অধিকাংশ পূজা এবং বাঙালির কন্যাপূজাও বটে। আগমনী এবং বিজয়া বাংলার মাতৃহৃদয়ের গান।’

চার, পূজার সময়ে নামী লেখকদের লেখা পাওয়ার জন্য পত্রপত্রিকার সম্পাদকেরা পূজার বেশ কিছুদিন আগে থেকেই তোড়জোড় শুরু করেন। রবীন্দ্রনাথের সময়েও এ কথা ছিল। নানা সম্পাদকের কাছ থেকে রবীন্দ্রনাথের কাছে তাঁদের পত্রপত্রিকার শারদীয় সংখ্যায় লেখা দেওয়ার জন্য অনুরোধ আসত। যতদূর জানা যায় রবীন্দ্রনাথ ‘পার্বণী’ নামের শারদীয় বার্ষিকীতেই প্রথম পূজার লেখা দেন। ‘পার্বণী’ হলো প্রথম বাংলা বার্ষিকী। প্রথম প্রকাশিত হয়

১৩২৫ সালে। ‘পার্বণী’ সম্পাদনার দায়িত্বে ছিলেন রবীন্দ্রনাথের ছোট জামাই নগেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়। ‘পার্বণী’র প্রথম পূজাবার্ষিকীতে রবীন্দ্রনাথ ‘শরতে আজ কোন অতিথি এল প্রাণের দ্বারে’ গানটি ‘শরতের গান’ নাম দিয়ে লিখেছিলেন। ১৯৩৫ সালে ‘আনন্দবাজার’ ও ‘দেশ’ পত্রিকার পক্ষ থেকে পূজা সংখ্যায় লেখা দেওয়ার জন্য রবীন্দ্রনাথকে ‘এক শ টাকা বায়না’ দেওয়া হয়। ঘটনাটির উল্লেখ করে রবীন্দ্রনাথ ১৯৩৫ সালের ২৯ আগস্ট শান্তিনিকেতন থেকে রামানন্দ চট্টোপাধ্যায়কে লেখেন, ‘এখানকার বন্যাপীড়িতদের সাহায্যার্থে অর্থ সংগ্রহ-চেষ্টায় ছিলাম। ব্যক্তিগত ভাবে আমারও দুঃসময়। কিছু দিতে পারছিলাম না বলে মন নিতান্ত ক্ষুব্ধ ছিল। এমন সময় দেশ ও আনন্দ বাজারের দুই সম্পাদক পূজার সংখ্যার দুটি কবিতার জন্যে এক শ টাকা বায়না দিয়ে যান, সেই টাকাটা বন্যার তহবিলে গিয়েছে। আগেকার মতো অনায়াসে লেখবার ক্ষমতা এখন নেই। সেই জন্যে ‘বিশ্ময়’ কবিতাটি দিয়ে ওদের ঋণশোধ করব বলে স্থির করেছি। ক্লান্ত কলম নতুন লেখায় প্রবৃত্ত হতে অসম্মত।’ শারদীয় সংখ্যায় রবীন্দ্রনাথের লেখা পাওয়ার জন্য সম্পাদকের চেষ্টার অন্ত থাকত না। যে সম্পাদক তাঁর কাছ থেকে পূজার লেখা আদায় করতে সক্ষম হতেন না তিনিও রবীন্দ্রনাথের কাছে অনুযোগ করতেন।



The ultimate intimation of Durga Puja in our Modern Life style



Durga Puja--the ceremonial worship of the mother goddess, is one of the most important festivals of India. Apart from being a religious festival for the Hindus, it is also an occasion for reunion and rejuvenation, and a celebration of traditional culture and customs. While the rituals entail ten days of fast, feast and worship, the last four days--Saptami, Ashtami, Navami and Dashami--are celebrated with much gaiety and grandeur in India and abroad, especially in Bengal, where the ten-armed goddess riding the lion is worshipped with great passion and devotion.

Durga Puja Mythology: Rama's 'Akal Bodhan'

Durga Puja is celebrated every year in the Hindu month of Ashwin (September-October) and commemorates Prince Rama's invocation of the goddess before going to war with the demon king Ravana. This autumnal ritual was different from the conventional Durga Puja, which is usually celebrated in the springtime. So, this Puja is also known as 'akal-bodhan' or out-of-season ('akal') worship ('bodhan'). Thus goes the story of Lord Rama, who first worshipped the 'Mahishasura Mardini' or the slayer of the buffalo-demon, by offering 108 blue lotuses and lighting 108 lamps, at this time of the year.

The First Durga Puja in Bengal

The first grand worship of Goddess Durga in recorded history is said to have been celebrated in the late

1500s. Folklores say the landlords, or zamindar, of Dinajpur and Malda initiated the first Durga Puja in Bengal. According to another source, Raja Kangshanarayan of Taherpur or Bhabananda Mazumdar of Nadiya organized the first Sharadiya or Autumn Durga Puja in Bengal in c.1606.

The 'Baro-Yaari' Puja and Beginning of Mass Celebration

The origin of the community puja can be credited to the twelve friends of Guptipara in Hoogly, West Bengal, who collaborated and collected contributions from local residents to conduct the first community puja called the 'baro-yaari' puja, or the 'twelve-pal' puja, in 1790.

The baro-yaari puja was brought to Kolkata in 1832 by Raja Harinath of Cossimbazar, who performed the Durga Puja at his ancestral home in Murshidabad from 1824 to 1831, notes Somendra Chandra Nandy in 'Durga Puja: A Rational Approach' published in The Statesman Festival, 1991.

Origin of 'Sarbanjanin Durga Puja' or Community Celebration

"The baro-yaari puja gave way to the sarbanjanin or community puja in 1910, when the Sanatan Dharmotsahini Sabha organized the first truly community puja in Baghbazar in Kolkata with full public contribution, public control and public participation. Now the dominant mode of Bengali Durga Puja is the 'public' version," write M. D. Muthukumaraswamy and Molly Kaushal in Folklore, Public Sphere, and Civil Society. The institution of the community Durga Puja in the 18th and the 19th century Bengal contributed vigorously to the development of Hindu Bengali culture.

British Involvement in Durga Puja

The research paper further indicates that:

"high level British officials regularly attend Durga Pujas organized by influential Bengalis and British soldiers actually participate in the pujas, have praised, and even salute the deity, but 'the most amazing act of worship was performed by the East India Company itself: in 1765 it offered a thanksgiving Puja, no doubt as a politic act to appease its Hindu subjects, on obtaining the Diwani of Bengal.' (Sukanta Chaudhuri, ed. Calcutta: the Living City, Vol. 1: The Past) And it is reported that even the Company auditor-general John Chips organized Durga Puja at his Birmahum office. In fact, the full official participation





of the British in the Durga Puja continued till 1840, when a law was promulgated by the government banning such participation."

Evolution of the 'Pratima' and the 'Pandal'

The traditional icon of the goddess worshiped during the Durga Puja is in line with the iconography delineated in the scriptures. In Durga, the Gods bestowed their powers to co-create a beautiful goddess with ten arms, each carrying their most lethal weapon.

The tableau of Durga also features her four children--Kartikeya, Ganesha, Saraswati and Lakshmi. Traditional clay image of Durga, or pratima, made of clay with all five gods and goddesses under one structure is known as 'ek-chala' ('ek' = one, 'chala' = cover). There are two kinds of embellishments that are used on clay--sholar saaj and daker saaj. In the former, the pratima is traditionally decorated with the white core of the shola reed which grows within marshlands. As the devotees grew wealthier, beaten silver (rangta) was used. The silver used to be imported from Germany and was delivered by post (dak). Hence the name daker saaj.

The huge temporary canopies--held by a framework of bamboo poles and draped with colorful fabric --that house the icons are called 'pandals'. Modern pandals are innovative, artistic and decorative at the same time, offering a visual spectacle for the numerous visitors who go 'pandal-hopping' during the four days of Durga Puja.

How can we relate our modern life with Durga Puja?

In our very modern lives, life is always beyond everyone's control point but Karma is something which always waits for our execution and we certainly have a power over this. We cannot live forever but our good

Karmas stay ever on the earth. Every path towards making good soul starts with one step. And that ways to our own soul. Through worshipping Durga will ease our thinking process and leverage our mind in good direction. It is not for the day where we just cherish to get our desires approved by the supreme Goddess, on the contrary it is great joyful moment that we could evaluate utilise in performing well beings, helping the helpless and preparing for every possible worse. This is the best occasion to offer our belongingness and downiness to Ma Durga, and sought for more perseverance and a mind full of positiveness.

What we can take from this?

The famous philosopher, Tolstoy once said,

"The most import time is, current moment

The most important task is, the one I am working now

The most important person is, the person who is sitting in front of me and listening to me"

So, we know what is important to us now, we believe what is precious thing to be protective about for us now and who are the people that we always love to be with and the last but not the least, do we all know what we want from our very lives. But the thing we all do not know is, can we make ourselves happy for every moment n our lives. The obvious answer is, No. And this is where the Deity Durga will help us. When we all get together with love and open hearts, we welcome God within our mine and soul. A pure soul will drive the body with perfect balance between material and inner lives. A perfect balance between the things we desire and the things that we deserve is the best sign of a successful human. Lets limit our cherishes to our extreme and try working with a pure honesty towards that goals. May Durga Ma be with us in every steps!!!



WE DESIGN





WE PRINT





WE DELIVER



FOR ORDER CONTACT US



+61 0470 651346 (Australia Office)

+88 01712 063718 (Bangladesh Office)



s.s.k.mohanta@gmail.com



sangram.mohanta



Memories of Vakta Mandir Sydney



ভক্ত মন্দির সিডনির উদ্বোধন
শ্রী কৃষ্ণ জন্মোৎসবী উৎসব



"ধন্য কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ ধন্য ধন্য
ধন্য ধন্য ধন্য ধন্য ধন্য ধন্য ধন্য ধন্য"


১৮ই আগস্ট, শনিবার, ২০১২
Toongabbie West Public School-81 Ballindella Road,
Toongabbie, NSW 2146

ভক্ত মন্দির সিডনি দলপতি ব্রজেন বিশ্বাসের অধি
আমন্ত্রণের মাধ্যমে আগস্ট ১৮ই আগস্ট মাসের শুভবিহার থেকে
রাজ্য অর্থনীতি অধ্যয়ন বিভাগ, পুজা, জাতীয় ও বৈদেশিক
মানসম্মান সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে গিয়ে জন্মোৎসবী উৎসব
পালন করতে যাচ্ছে। ভক্ত মন্দির সিডনির আয়োজিত
হবে এই আয়োজনকে সার্থক করান।

সম্প্রদায়িক
১০.০০ খরচা - বীজ
৫.০০ খরচা - কৃষ্ণ পুজা ও জাতীয়
৫.০০ খরচা - প্রদান বিহার
৬.০০ খরচা - ভক্ত মন্দির সিডনির সঙ্গীত সন্ধ্যা
২.০০ খরচা - রাতের খাবার

ভক্ত মন্দির সিডনি
P.O. Box 142 Wentworthville NSW 2145
info@vakta-mandir.org.au | www.vakta-mandir.org.au





Vakta Mandir Sydney Proudly presents

VMS Durgotsab 2014

Celebrate Dussehra with us

5th OCTOBER | SUNDAY 2014
(Monday public holiday)
Granville Boys High School
(new venue)
10 Hutchinson St, Granville

All Day Event | 10 am till late
Special Attractions:

- Live performance with Sydney's Best Orchestra SAAZ
- Dance Ohmaka
- Clothing Stalls
- Jewellery Stalls
- Food Stalls
- Kids' Jumping Castle & More More

PROGRAM SCHEDULE

Puja preparation	8:00 AM
Puja Start	9:00 AM
Puhoorah	12:30 PM to 1:30 PM
Distribution of Prasad	1:30 PM
Lunch (Veg)	2:00 PM
Bhaja Dashaai	4:00 PM
Cultural Program	7:00 PM
Dinner (Veg/Non-Veg)	9:30 PM

PUJA WILL BE PERFORMED ON THIS DEITIES

FOR STALL BOOKING 0435 690 560, 0423 760 472 FOR EVENT INFO : 0433 162 429, 0403 711 776

www.vaktamandir.org.au facebook vaktamandir sydney

Vakta Mandir Sydney Proudly presents

VMS MUSICAL NIGHT

Live Performance from Sydney's local talent with Sydney's famous Orchestra SAAZ

Dance performance & Fashion show

6TH DEC 2014
Saturday
@ **BAHAI CENTRE**
Silverwater


CONTACT:
Call Urmi on 0433 502 608, Bidhan, 0403 711 776
info@vaktamandir.org.au

BOOK YOUR TICKET ONLINE www.vaktamandir.org.au

Diamond Sponsor	Gold Sponsor	Event Co-ord.	Other Sponsors	Supported by

Media Partner: www.bahai.org.au www.surfer.com.au www.silverwater.com.au
















জীবন কথা

- স্বামী বিবেকানন্দ





DESIGN | CONSTRUCTION | PROJECT MANAGEMENT



AustralBuilt

Bringing your dream to you

PH 02 8740 8242

info@australbuilt.com.au

6/8 Kerr Road, Ingleburn, NSW 2565

www.australbuilt.com.au

ABK LAWYERS

www.abklawyers.com.au



Our Services

- Commercial Transactions & Business Leases
- Immigration Law (MARN 1465154)
- Family Law & Divorce
- Conveyancing
- Contracts (Shareholders, Partnerships etc)
- Corporate Law Compliance
- Employment Law
- Assault & AVO



02 9262 1434



02 9262 1414



Suite 33, Level 3, 110 Sussex St, Sydney NSW 2000



info@abklawyers.com.au



ॐ

HAPPY DURGA PUJA



Vakta Mandir Sydney Trust

A Mandir For All

